

Bhavan's Tripura Vidyamandir
2nd Periodic Assessment : (2024-2025)

Class:- 8
Time:- 2 Hours

Subject:- Bengali
Total :- 50 Marks

Name of the student :

Roll

Section

১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লিখ:- ১×৪=৪

হামফ্রে ডেভি নামে ইংল্যান্ডের এক বিজ্ঞানী গবেষণা করতে করতে এক ধরনের গ্যাস আবিষ্কার করেন। গ্যাসটি ভারী অত নিঃশ্বাসের সঙ্গে একে টানতে গেলে ঘাড়ে মাথায় সুড়সুড় করে। তাতে অনেকের হাসি আসে তাই তিনি একে নাম দিলেন ‘লাফিং গ্যাস’ ডেভি দেখলেন এই গ্যাসের আরেকটি গুণ আছে। এই গ্যাস একটু বেশি করে টানলে মানুষ অজ্ঞান হয়ে পড়ে। সামান্য একটুখানি শোঁকালে মিনিট খানিক যেকোনো লোককে বেহুশ করে রাখা যায়। ডেভি, বললেন এই উপায়ে খুব সহজেই বিনা যন্ত্রণায় ছোটখাটো অস্ত্র চিকিৎসা করা যায়। তখন ডেবির এই কথায় চিকিৎসকরা তেমন কান দেননি। কিন্তু এই ঘটনা চল্লিশ বছর পর একজন আমেরিকান ডাক্তার এই গ্যাসের সাহায্যে বিনা যন্ত্রণায় একটি রোগীর দাঁত তুলে দেখালেন। ডেভিড ঠিক কথাই বলেছিলেন।

ক) হামফ্রে ডেভি কোন দেশের বিজ্ঞানী ছিলেন ?

i) ইংল্যান্ডের

ii) আমেরিকার

iii) ফ্রান্সের

iv) ভারতের

খ) তিনি কী আবিষ্কার করেছিলেন ?

i) লাফিং গ্যাস

ii) টেলিভিশন

iii) টেলিফোন

iv) রেডিও

গ) ‘অজ্ঞান’ শব্দার্থ লিখ।

i) জ্ঞান

ii) জ্ঞানী

iii) জ্ঞানহীন

iv) মূর্খ

ঘ) এই গ্যাসের আর কী গুণ আছে ?

i) গ্যাসটি বেশি টানলে মানুষ অজ্ঞান হয়ে যায়। ii) গ্যাসটি বেশি টানলে মানুষের মৃত্যু হয়।

iii) গ্যাসটি বেশি টানলে মানুষ পাগল হয়ে যায়। iv) গ্যাসটি বেশি টানলে মানুষ বোবা হয়ে যায়।

২। নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো দুটি)

৩×২=৬

ক) “সত্যিই তিনি বিপন্ন”-কে বিপন্ন ? কীভাবে তিনি এই বিপন্ন অবস্থা থেকে রক্ষা পাওয়ার উপায় বার করেছিলেন?

খ) “এ দায় থেকে আমাকে উদ্ধার কর তুমি”- কে কাকে একথা বলেছেন ? দায়টি কীসের?

গ) “দধি নয় যেন আগুন”- কোন ঘটনার পরিপ্রেক্ষিতে দধি আগুন হয়ে উঠল? দইকে আগুনের সঙ্গে তুলনা করা হলো কেন?

৩। নীচের রচনাধর্মী প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো একটি)।

৫×১=৫

ক) “চড় মারার তো কথা ছিল না” কে, কখন এই কথাগুলি বলেন? তার সঙ্গে কার কী কথা হয়েছিল ? সে কথা রাখা হয়নি কেন ?

খ) নিধিরামকে দেখে হলধরের মাথায় কী বুদ্ধি খেলে গেল ? হলধর নিধিরামকে কী বলেছিলেন?

৪। নীচের সংক্ষিপ্ত প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো দুটি)

৩×২=৬

ক) “যাত্রী - জাহাজে ডুবিল যে বুঝি তারো ঘরে আজি ভোজ।”-এই উক্তির মধ্য দিয়ে কবি কোন সত্য প্রকাশ করেছেন ?

খ) "দিবস রাত্রি নূতন যাত্রী নিত্য নাটের খেলা"- কোন কবিতার পংক্তি ? নিত্য নাটের খেলা বলতে কী বোঝানো হয়েছে ?

গ) "ঘোষিছে পুরস্কার" কে কী জন্য পুরস্কার ঘোষণা করে?

৫। নীচের রচনাধর্মী প্রশ্নগুলোর উত্তর দাও। (যে কোনো একটি)

৫×১=৫

ক) দিবসে কোথায় কাদের কোলাহল শোনা যায় ? এই কোলাহলের বর্ণনা দাও?

খ) পুরনো কাগজ বিক্রির সময় হঠাৎ কী নজরে পড়ে ? পুরনো কোন্ কোন্ খবরের কথা কবি উল্লেখ করেছেন?

৬। নীচের প্রশ্নগুলো পড়ে সঠিক উত্তরটি বেছে লিখ। (যে কোনো চারটি)

১×৪=৪

ক) বধূর কোথায় আগুন লাগে?

i) হাতে

ii) পায়ে

iii) মুখে

iv) বসনে

খ) সবচেয়ে ভালো দইয়ের দাম কত ছিল ?

i) দশ টাকা

ii) বিশ টাকা

iii) চল্লিশ টাকা

iv) পঞ্চাশ টাকা

গ) নিরুদ্দিষ্ট সন্তানের জন্য পিতা কী ঘোষণা করে ?

i) খাবার

ii) বস্ত্র

iii) সম্পত্তি

iv) পুরস্কার

ঘ) হলধরের প্রিয় বন্ধু কে ছিল?

i) নিধিরাম

ii) রাম

iii) মন্ত্রী অখিল মিত্র iv) নিতাই

ঙ) কাকে সের দরে বেচা হয় ?

i) কাপড়

ii) বাসন

iii) পুরনো কাগজ

iv) সবজি

৭। নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্ন গুলোর উত্তর দাও। (যে কোনো চারটি)

১×৪=৪

ক) কোন্ ব্যাপারে মানুষ মাথা ঘামায় না?

খ) প্রভাতে হাটে ঝাঁট পড়ে না কেন ?

গ) হাটে কী ছড়ানো থাকে ?

ঘ) বলাইচাঁদ মুখোপাধ্যায়ের ছদ্মনাম কী ?

ঙ) পাতে দই পড়ার পর বরষাত্রীরা ক্ষেপে উঠলেন কেন ?

৮। নীচের পাঠ্য ব্যাকরণগত প্রশ্নগুলোর উত্তর দাও।

ক) শব্দার্থ লিখ। (যে কোনো দুটি)

১×২=২

নির্জন, নিশা, সঞ্চিত।

খ) বিপরীত শব্দ লিখ। (যে কোনো দুটি)

১×২=২

উদার, গমন, আদর।

গ) পদ পরিবর্তন করো। (যে কোনো দুটি)

১×২=২

খেলা, কাগজ, সমুদ্র।

৯। নীচের ব্যাকরণগত প্রশ্নগুলোর উত্তর দাও।

ক) পদাঙ্কীয় অব্যয় কাকে বলে উদাহরণ দাও ?

২

খ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ লিখ। (যে কোন দুটি)

১×২=২

চিএ ধনী বিশ

চিও, ধ্বনি বিষ

গ) বাক্য পরিবর্তন করো। (যেকোনো দুটি)

১×২=২

i) ভোর হওয়ায় পাখি ডাকছে (যৌগিক)

ii) মেঘ করেছিল তবু বৃষ্টি হয়নি (সরল)

iii) আমরা সেখানে গেলাম এবং আহার করলাম (সরল)

১০। নীচের সংকেতগুলি পড়ে শিরোনাম ও নীতিকথা সহ নিজের ভাষায় গল্প রচনা করো। ৪×১=৪

সংকেত:-পুকুরের পাড়ে এক বৃদ্ধ বাঘ সোনার কাঁকন নিয়ে বসে ছিল-----পথিক দেখলেই সে সোনার কাঁকন
নেবার জন্য ডাকত-----পথিকরা সেটাকে সারা দিত না-----এক লোভী ব্রাহ্মণ কাঁকন নিতে গেল-----
বাঘ তাকে মেরে ফেলল।
